



ইরানের ইচ্ছাতেই নিয়ন্ত্রিত হবে হরমুজ প্রণালি: আইআরজিসি



ছবি: সংগৃহীত

কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ ইরানের সশস্ত্র বাহিনীর হাতে রয়েছে বলে দাবি করেছেন দেশটির ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) উপপ্রধান মেজর জেনারেল মোস্তফা ইজাদি। তিনি বলেছেন, ইরান যত দিন চাইবে, তত দিন এই নিয়ন্ত্রণ বজায় থাকবে।

ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম ইরনার বরাতে এ তথ্য জানিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম ডন।

মঙ্গলবার (২০ অক্টোবর) মধ্যাঞ্চলীয় শহর থোমেইনে এক সমাবেশে বক্তব্য দেন মোস্তফা ইজাদি। এ সময় তিনি বলেন, হরমুজ প্রণালিতে আইআরজিসির নৌবাহিনী ও মহাকাশ বাহিনীর কার্যক্রম পরিচালনা এবং গোয়েন্দা সক্ষমতায় শ্রেষ্ঠত্ব রয়েছে।

ইজাদি আরও বলেন, শত্রুপক্ষ জনগণকে চলমান পরিস্থিতি থেকে দূরে সরিয়ে রাখার চেষ্টা করছে। তবে দেশের অর্জনগুলো রক্ষা করা এবং শত্রুদের ষড়যন্ত্র মোকাবিলায় জনগণের উপস্থিতি ও সমর্থন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।